

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০২.০০০০.০১৫.২০.০০৫.১৮-১৩৩

তারিখঃ-১১/০৬/২০১৮ খ্রি:

দুপুর- ১.০০ টা

অভিবৃষ্টি/পাহাড়ি ঢলে ক্ষয়ক্ষতির তথ্যাদি:

মৌলভীবাজার :

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, মৌলভীবাজার জানান যে, সাম্প্রতিক অভিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে সৃষ্টি বন্যায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। অভিবৃষ্টি ও পাহাড়ি ঢলে জেলার সকল নদ-নদীর পানি বৃক্ষ পেয়ে ২৫টি স্থানে বীধ ভেংগে জেলার ৫টি উপজেলার নিয়াঘৰল প্লাবিত হয়েছে। জেলার শ্রীমৎগঞ্জ উপজেলার ৫টি ইউনিয়নের ২,০৯০ টি পরিবারের ৯,৪৩৮ জন লোক, কুলাউড়া উপজেলার ৭টি ইউনিয়নের ২,৯৭৮ টি পরিবারের ১৪,৬০০ জন, কমলগঞ্জ উপজেলার ৯টি ইউনিয়ন ও ১টি পৌরসভার ২৫,৭৮৮ টি পরিবারের ১,২৮,৮৪০ জন, রাজনগর উপজেলার ৩টি ইউনিয়নের ৬,০০০ পরিবারের ২৪,০০০ জন এবং সদর উপজেলার ৬ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভার ৩৩৪৪ টি পরিবারের ১৬৩১৮ জন লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলায় ৫টি উপজেলার সর্বমোট ৩০টি ইউনিয়ন ও ২টি পৌরসভার ৪০,২০০ টি পরিবারের ১,৯৩,২৯৬ জন লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। মৌলভীবাজার জেলা শহরের মনু নদীর বড়ইকোনা এলাকার বীধ ভেংগে শহরের প্রায় এক-তৃতীয়াংশ প্লাবিত হয়েছে। শহরের ঝুঁকিপূর্ণ এলাকার লোকজনদেরকে নিরাপদ আশ্রয়ে নেয়া হচ্ছে। অভিবৃষ্টি ও পাহাড়ি ঢলে ১২/৬/২০১৮ খ্রি ১৮ তারিখ হতে এ পর্যন্ত ৮ জন লোক মারা গেছে। ক্ষতিগ্রস্ত ৫ টি উপজেলায় মোট ৬৭ টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। আশ্রয় কেন্দ্রে ১২৪০৫ জন লোক অবস্থান করছে। ক্ষতিগ্রস্ত এলাকাসমূহ জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ কর্তৃক পরিদর্শন করা হয়েছে। বর্তমানে নদীর পানি কমতে থাকায় মৌলভীবাজার শহরের ভিতরের পানি নেমে যেতে শুরু করেছে। বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রদত্ত বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিগ্রস্তদের মধ্যে ১,৪১১ মেঠন জিআর চাল ও ১,৭,০০০/- টাকা জিআর ক্যাশ বরাদ্দ প্রদান করা হয়েছে। বিতরণ করা হয়েছে ১,১৪৩ মেঠন জিআর চাল ও ১৩,৪০,০০০ জিআর টাকা। জেলায় বর্তমানে মাজুদ আছে ৬,৩৭,০০০/- জিআর টাকা এবং ৭৬৮ মেঠন জিআর চাল।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোফাজ্জেল হোসেন চৌধুরী মায়া বীর বিক্রম এমপি এবং সচিব মো. শাহ কামাল ১৮/০৬/১৮ তারিখে মৌলভীবাজার দুর্গত এলাকা সফর করেন এবং দুর্গতদের মাঝে ত্রাণ বিতরণ করেন। সেই সাথে ৫০০ মেঠন চাল , ১০,০০,০০০ টাকা, ১,০০০ বাস্তিল চেটুটিন এবং ২,০০০ প্যাকেট শুকনো খাবার মৌলভীবাজারে বরাদ্দের ঘোষণা দেন।

সিলেটঃ


জেলা প্রশাসক, সিলেট জানান যে, গত ১২/৬/২০১৮ খ্রি ১৮ তারিখ হতে অভিবৃষ্টি ও পাহাড়ি ঢলে সৃষ্টি বন্যায় এ জেলার ১৩টি উপজেলার মধ্যে কানাইঘাট, গোয়াইনঘাট, জৈন্তা, জকিগঞ্জ, বিয়ানীবাজারসহ ৮টি উপজেলার নিয়াঘৰল বন্যার পানিতে প্লাবিত হয়েছে। ৩৮টি ইউনিয়নের ১,০৫,১০০ পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। সুরমা ও কুশিয়ারা নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। সুরমা ও কুশিয়ারা নদীর ডাইক/বন্যা নিয়ন্ত্রণ বীধ ভেংগে পানি প্রবশে করছে। জকিগঞ্জ উপজেলায় পানি উন্নয়ন বোর্ডের বীধ ভেংগে যাওয়ায় জকিগঞ্জ পৌরসভার ৩টি ওয়ার্ডে পানি ঢুকে পড়েছে। এলাকায় মানুষ পানিবন্দি অবস্থায় আছে। পানিবন্দি লোকজনকে নিরাপদ আশ্রয়কেন্দ্রে সরিয়ে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জেলা প্রশাসন কর্তৃক আশ্রিত লোকজনের খাবারের ব্যবস্থা করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দ থেকে ক্ষতিগ্রস্ত লোকজনকে বাড়ী বাড়ী যেয়ে শুকনো খাবার, চাল, ডাল ও টাকা প্রদান করা হচ্ছে। ক্ষতিগ্রস্ত পরিবরের মধ্যে এ যাবৎ ২৩১ মেঠন জিআর চাল এবং ৩,৫০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে।

চলমান পরিস্থিতি সার্বক্ষণিক নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। পরিবর্তিত পরিস্থিতি সম্পর্কিত তথ্য এবং ক্ষয়ক্ষতির হালনাগাদ বিবরণী তাৎক্ষনিকভাবে সংগ্রহ পূর্বক বিস্তারিত জানানো হবে।

** পাহাড় ধস/পাহাড়ি ঢলের কারণে এ পর্যন্ত মোট মৃতের সংখ্যা ২৫ জন।

বজ্রপাতে মৃত্যুর তথ্যাদিঃ জানুয়ারী/১৮ হতে এ পর্যন্ত সারাদেশে বজ্রপাতে সর্বমোট মৃতের সংখ্যা= ২২৯ জন।

অগ্রিকান্ড: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কম্প্লেক্স রুমে কর্মরত কর্মকর্তা জানান যে, আজ উল্লেখযোগ্য কোন অগ্রিকান্ডের খবর পাওয়া যায় নাই।



19.06.18

(কামরুন নাহার)

ভারপ্রাপ্ত কর্মকর্তা

জরুরি সাড়াদান কেন্দ্র

ফোনঃ ৫৮৮১১৬৫১

ফ্যাক্সঃ ৯৮৯১৯২৬

Email: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা

জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সংরক্ষণ নথি।